

চীন ও বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধুত্বের মূল উপাদান হবে শিক্ষা : মিলন

অনলাইন ডেস্ক



শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন বলেছেন, চীন ও বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধুত্বের সেতুবন্ধ আরো সুদৃঢ় করা হবে। তবে এই সেতুর উপকরণ কংক্রিট বা রড-সিমেন্ট নয়, বরং এর মূল উপাদান হবে শিক্ষা।

শুক্রবার (৮ মে) রাজধানীর একটি হোটেলে সেন্টার ফর চায়না স্টাডিজ (সিসিএস) আয়োজিত 'চায়না বাংলাদেশ রাউন্ড টেবিল অন গভর্নেন্স এক্সপেরিয়েন্স এক্সচেঞ্জ' শীর্ষক গোলটেবিল বৈঠকে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, ‘শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান চীনের সঙ্গে এই সম্পর্কের ভিত্তি স্থাপন করেছিলেন।

আগামীর প্রত্যাশিত বাংলাদেশ বিনির্মাণে এই সম্পর্ক বিশেষ ভূমিকা রাখবে। বিশেষ করে বাংলাদেশের শিক্ষাক্ষেত্রের আধুনিকায়ন ও উন্নয়নে চীন আরো গুরুত্বপূর্ণ অংশীদার হতে পারে।’

জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের ওপর গুরুত্ব দিয়ে মন্ত্রী বলেন, বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীকে কারিগরি শিক্ষায় দক্ষ করে গড়ে তুলতে হবে। বর্তমান প্রজন্মকে বৈশ্বিক মানের মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে চীনের সঙ্গে শিক্ষা ও কারিগরি খাতে যৌথ সহযোগিতা বৃদ্ধির বিকল্প নেই।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। এ ছাড়া বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন ও সিসিএস

অ্যাকাডেমিক বোর্ডের চেয়ারম্যান চেন
ডংশিয়াও অনুষ্ঠানে অংশ নেন।

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল
অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের
(বিআইআইএসএস) মহাপরিচালক আ স ম
রিদওয়ানুর রহমান অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।
গোলটেবিল বৈঠকে দুই দেশের প্রশাসনিক
অভিজ্ঞতা বিনিময় ও ভবিষ্যৎ উন্নয়নের নানা
দিক নিয়ে আলোচনা করা হয়।